প্রথম আলো

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল ও কলেজে মেধা উৎসব

ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস স্কুল ও কলেজে গত শনিবার মেধা উৎসব অনুষ্ঠিত হয়েছে। উৎসবে বইপড়া, হাতের লেখা (বাংলা ও ইংরেজি), সাধারণ জ্ঞান, গল্প লেখা, বানান প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি), বিজ্ঞান, কারুশিল্প, দেয়ালিকা প্রদর্শনী ইত্যাদি বিষয়ের আয়োজন করা হয়। এতে সব শ্রেণির ছাত্রীরা অংশ নেয়।

মেধা উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল ও কলেজের প্রধান পৃষ্ঠপোষক মেজর জেনারেল আতাউল হাকিম সারওয়ার হাসান। তিনি শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ, চারিত্রিক বিকাশ এবং মানবিক মূল্যবোধসম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান। পরে তিনি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ সালমা বেগম তাঁর বক্তব্যে শিক্ষার্থীদের পরিপূর্ণ বিকাশের জন্য একাডেমিক শিক্ষার পাশাপাশি চরিত্র গঠনের ওপর গুরুত্বারোপ করেন।

গত ১৬ আগস্ট মেধা উৎসবের উদ্বোধন করেছিলেন পরিচালনা পর্ষদের সভাপতি ও সদর দপ্তর ৮৬ স্বতন্ত্র সিগন্যাল ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মো. ওয়াহিদ-উজ-জামান। বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
চীফ, বিতরণ বিভাগ
চীফ, ই.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর